

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬৬

১. পরিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৩. পশ্চাদ্বার দিয়ে মহিলাদের নিকট গমণ করা

بَابِ إِتْيَانِ النِّسَاءِ فِي أَدْبَارِهِنَّ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يُونُسَ حَدَّثَنَا مَالِكٌ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ الْأَنْصَارِيِّ أَنَّ الْيَهُودَ قَالُوا لِلْمُسْلِمِينَ مَنْ أَتَى امْرَأَهُ وَهِيَ مُذْبَرَةٌ جَاءَ وَلَدُهُ أَحْوَلَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى نِسَاءً كُمْ حَرْثُ لَكُمْ فَأَتُوا حَرْثَكُمْ أَنَّى شِئْتُمْ

বাংলা

১১৬৬. মুহাম্মদ ইবনুল মুনকাদির রাহি. হতে বর্ণিত, জাবির ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহু ইয়াল্লাহীগণ মুসলিমদেরকে বলতো, যে লোক পিছনের দিক থেকে স্ত্রী সহবাস করবে, তার সন্তান টেরা চোখবিশিষ্ট হবে। তখন আল্লাহ তা'আলা নাযিল করলেন: [“তোমাদের স্ত্রীগণ তোমাদের জন্য ক্ষেত্রস্বরূপ; অতএব তোমরা যেভাবেই ইচ্ছা তোমাদের ক্ষেত্রে গমণ কর।”][1] (সুরা বাকারা: ২২৩)]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের হাদীস।

তাখরীজ: আমরা এর পূর্ণসং তাখরীজ দিয়েছি মুসনাদুল মাওসিলী নং ২০২৪ এ ((“বুখারী, আস সহীহ ৪৫২৮; মুসলিম, আস সহীহ ১৪৩৫; আবু দাউদ ২১৬৩; তিরমিয়ী ২৯৮২; ইবনু মাজাহ ১৯২৫; তাহবী, শারহ মা’আনিল আছার ৩/৮০; তাবারী, আত তাফসীর ২/৩৯৬; বাইহাকী, আস সুনান ৭/১৯৪-১৯৫; ইবনু হিবান ৪১৭৪, ৪২০৫”- মুসনাদুল মাওসিলী নং ২০২৪ এর মুহাকিমের টীকা হতে-অনুবাদক।)) ও সহীহ ইবনু হিবান নং ৪১৭৪, ৪২০৫ ও মুসনাদুল ভুমাইদী নং ১৩০০ এ।

এছাড়াও : ইবনু আবী শাইবা ৪/২৩০; বাইহাকী, মা’রিফাতুস সুনান ১০/১৬০ নং ১৪৫২; আরও দেখুন, দুররে মানচুর ১/২৬১।

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মুহাম্মদ ইবনুল মুনকাদির (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81449>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন